



নির্বাচনে না থেকেও নিয়ন্ত্রণ করবে আওয়ামী লীগ: মাসুদ কামাল



সংগৃহীত ছবি

সিনিয়র সাংবাদিক মাসুদ কামাল বলেছেন, আওয়ামী লীগ সরাসরি অংশ না নিলেও আগামী নির্বাচন তাদেরই নিয়ন্ত্রণে থাকবে। ভোটের ফল ও প্রক্রিয়া নির্ভর করবে তাদের অবস্থানের ওপর। ইতিমধ্যে বিভিন্ন রাজনৈতিক দল আওয়ামী লীগের ভোট আকর্ষণে সক্রিয় হয়েছে, যার নমুনা স্পষ্ট। গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) নিজের ইউটিউব চ্যানেলে এক আলোচনায় তিনি এ মন্তব্য করেন।

মাসুদ কামাল বলেন, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বক্তব্যে বলা হয়েছে, আওয়ামী লীগের বিরুদ্ধে করা সব মামলা তুলে নেওয়া হবে—এটি অবিশ্বাস্য শোনায়। কারণ, ৫ আগস্টের পর আওয়ামী লীগের বিরুদ্ধে দায়ের করা বেশিরভাগ মামলার বাদী বিএনপি বা এর অঙ্গসংগঠনের কর্মীরা। তিনি আরও বলেন, ফখরুলের বক্তব্য নিয়ে বিতর্কের পর বিএনপি জানিয়েছে—গণমাধ্যমে তাঁর বক্তব্য বিকৃতভাবে প্রচারিত হয়েছে। ফখরুল দাবি করেন, তিনি কেবল বলেছেন যে প্রতিহিংসার রাজনীতি করবেন না এবং স্থানীয় পর্যায়ে হয়রানিমূলক মামলা হলে তা প্রত্যাহার করা হবে।

শেষে মাসুদ কামাল মন্তব্য করেন, এবারের নির্বাচনে আওয়ামী লীগের ভোটই হবে সবচেয়ে প্রভাবশালী। কারণ, তারা না থেকেও যদি কে তাদের ভোট যাবে, জয় সেদিকেই ঝুঁকবে। তাই সবাই এখন আওয়ামী লীগের সমর্থন পাওয়ার দৌড়ে রয়েছে।